# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৯০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে প্রবেশকারী ব্যক্তিকে বসা অথবা কোন কিছু জিজ্ঞেস করার আগে দুই রাকাত সালাত আদায় করার নির্দেশ

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ إِنَّمَا أُمِرَ بِرَكْعَتَيْنِ عِنْدَ دُخُولِهِ الْمَسْجِدَ قَبْلَ الْجُلُوسِ وَالِاسْتِخْبَارِ

আরবী

2490 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا هَمَّامٌ عَنِ ابْنِ جُرَيْجٍ عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ عَنْ عَمْرِو بْنِ سُلَيْمٍ عَنْ أَبِي قَتَادَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إذا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ قَبْلَ أَنْ يجلس أو يَسْتَخْبِرَ)
الراوي : أَبُو قَتَادَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2490 | خلاصة حكم المحدث: صحيح دون زيادة: ((أو يستخبر))؛ فإنها شاذَّة ـ
ـ ((الإرواء)) (2/ 220/467)، ((صحيح أبي داود)) (486): ق.

বাংলা

২৪৯০. আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ মাসজিদে প্রবেশ করবে, তখন সে যেন বসা অথবা কোন কিছু জিজ্ঞেস করার আগে দুই রাকা‘আত সালাত আদায়  করে।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৮২৭; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৬২; মুসনাদ আহমাদ: ৫/২৯৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৬৭৩; হুমাইদী: ৪২১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৩৯; দারেমী: ১/৩২৩-৩২৪; সহীহ আল বুখারী: ৪৪৪; সহীহ মুসলিম: ৭১৪; আবূ দাঊদ: ৪৬৭; তিরমিযী: ৩১৬; নাসাঈ: ২/৫৩; ইবনু মাজাহ: ১০১৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮২৫; সুনান বাইহাকী: ৩/৫৩; বাগাবী: ৪৮০; আবূ আওয়ানা: ১/৪১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির “কোন কিছু জিজ্ঞেস করার” এই অংশটুকু ছাড়া বাকী হাদীসকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91816

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন